

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং: ৩২.০১.৭০০০.০০১.০২.০০৪.২৬-৪৬৫


তারিখঃ ২৩/০৫/২০২৬ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প" ঢাকা এর স্মারক ৩২.০১.০০০০.০০৩.০১৪.০৩১.২৪-২৪৬৬, তারিখ ২৯/০৭/২০২৫খ্রি: পত্রের আদেশ মোতাবেক "কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প", চাঁপাইনবাবগঞ্জ এ দৈনিক ভিত্তিক সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নোক্ত পদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	পদের নাম বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	জেন্ডার প্রমোটার দৈনিক ভিত্তিক ১০০০/- (সপ্তাহে ০২ (দুই) দিন)	০১ টি	১৮-৩২ বছর	এইচ এস সি পাশ এবং কম্পিউটার চালনায় (মাইক্রোসফট অফিস) বাস্তব অভিজ্ঞতা। সংশ্লিষ্ট বিষয়ে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।

- ১। প্রার্থীকে আগামী ১৫/০৬/২০২৬ ইং তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সম্মুখে গঠিত নিয়োগ কমিটি জেন্ডার প্রমোটার চূড়ান্ত ও প্যানেল মনোনয়ন করবে।
- ৩। জেন্ডার প্রমোটার পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৪। সরকার নির্ধারিত কোটায় প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত মোতাবেক অগ্রাধিকার পাবে।
- ৫। আবেদনের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩ (তিন) কপি ছবি, নাগরিকত্ব সনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি।
- ৬। ভর্তি সংক্রান্ত কাজে অত্র কার্যালয়ের সহিত যোগাযোগ করার জন্য কোন প্রকার যাতায়াত ভাতা দেয়া হবে না।
- ৭। যে কোন আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মারুফ আফজল রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চাঁপাইনবাবগঞ্জ সদর,
চাঁপাইনবাবগঞ্জ।